

নং- ২০.০৫.০০০০.৪৩২.০১৪.০১১.২০১৭-৫৭

তারিখঃ ২১ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারি ২০১৮ খ্রি:

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী প্রেরণ।**

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য জনাব শামীমা নাগিস এর সভাপতিত্বে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত “বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ”-শীর্ষক প্রকল্পের ওপর গত ২৭/১১/২০১৭ তারিখে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা অনুষ্ঠিত হয়।

০২। সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে ও অবগতির জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ
সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
প্রোগ্রামার
মেইলটেলিগ্রাম ইঞ্জিনিয়ার
সহকারী প্রোগ্রামার



মো: সালাহউদ্দিন আহাম্মদ  
সিনিয়র সহকারী প্রধান  
ফোনঃ ৯১১৭৩৩১

বিতরণ/প্রয়োজ্যতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ১০। চেয়ারম্যান, বাংলাদেশ তাঁত বোর্ড, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। উপ-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।

**বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।**

পরিকল্পনা কমিশনের সদস্য (শিল্প ও শক্তি) জনাব শামীমা নাগিস এর সভাপতিত্বে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত “বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ”-শীর্ষক প্রকল্পের ওপর গত ২৭-১১-২০১৭ খ্রি: তারিখে পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি)-এর সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট-‘ক’ তে সন্নিবেশিত করা হল।

**২। আলোচ্যসূচীঃ**

- প্রকল্পের নাম : বাংলাদেশ তাঁত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ।
- উদ্যোগী মন্ত্রণালয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়
- বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ তাঁত বোর্ড
- প্রকল্পের প্রাক্কলিত ব্যয় :

(কোটি টাকায়)

মোট	৪৫.৭৫
জিওবি	৪৫.৭৫
প্রকল্প সাহায্য	-

- প্রকল্পের অর্থায়ন ও উৎস : সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অনুদান।
- প্রকল্পের বাস্তবায়নকাল : জুলাই ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত।
- প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	সিটি কর্পোরেশন/পৌরসভা/উপজেলা
ঢাকা	নরসিংদী	নরসিংদী সদর

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। আলোচনার শুরুতেই মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশনের বিভিন্ন বিভাগ এবং সংস্থা হতে সভায় উপস্থিত কর্মকর্তাগণ নিজ নিজ পরিচয় প্রদান করেন।

**৩। উপস্থাপনাঃ**

৩.১। সভার প্রারম্ভিক আলোচনা শেষে সভাপতি প্রকল্পটি উপস্থাপনের জন্য এ বিভাগের প্রধান-কে আহ্বান জানান। বিভাগ প্রধান সভায় উপস্থিত বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধিকে পাওয়ার পয়েন্টের মাধ্যমে প্রকল্পটি গ্রহণের গুরুত্ব, প্রয়োজনীয়তা ও বিবরণ সংক্ষেপে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের পক্ষে বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) প্রকল্পটি সভায় উপস্থাপন করেন। বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) পাওয়ার পয়েন্টে রংপুর ও সিলেট জেলার তাঁত প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং নরসিংদী জেলায় বিদ্যমান ফ্যাসন ডিজাইন ইনস্টিটিউটের একাডেমিক ভবনের সচিত্র উপস্থাপন করেন। সভাপতি এ সকল প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে পুরোমাত্রায় প্রশিক্ষণ কার্যক্রম ও বিভিন্ন কোর্স পরিচালনা শুরু হয়েছে কি না জানতে চাইলে বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) সভায় অবহিত করেন যে, প্রয়োজনীয় জনবল নিয়োগের প্রক্রিয়া এখনও শেষ না হওয়ার কারণে প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহে পুরোমাত্রায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা যায়নি। প্রকল্পসমূহের মাধ্যমে তাঁত প্রশিক্ষণ ইনস্টিটিউটসমূহের নির্মাণ কাজ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি প্রয়োজনীয় জনবল নিয়োগের মাধ্যমে পুরোমাত্রায় প্রশিক্ষণ কার্যক্রম শুরু করতে না পারার কারণে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি বলেন যে, প্রকল্প মেয়াদ শেষ হওয়ার অন্তত এক বছর বা তারও পূর্ব হতেই জনবল নিয়োগের প্রক্রিয়া শুরু করা সঙ্গত ছিল। প্রয়োজনে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সমূহে ব্যক্তি পর্যায়ে যোগাযোগের মাধ্যমে জনবল নিয়োগ কাজের গতি সঞ্চার করার প্রয়োজন ছিল এবং ভবিষ্যতে এ সকল কার্যে আরও সক্রিয় হওয়ার জন্য তিনি নির্দেশনা প্রদান করেন।

৩.২। বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক উপস্থাপিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে প্রয়োজনীয় তথ্য ও কাঙ্ক্ষিত চিত্র যথাযথভাবে উপস্থাপিত না হওয়ায় সভাপতি বলেন যে, পিইসি সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে শুধুমাত্র প্রকল্পের basic facts উপস্থাপন করাই যথেষ্ট নয়। প্রকল্পটি যথাযথভাবে মূল্যায়নের সুবিধার্থে সুস্পষ্ট চিত্রসহ প্রতিবেদনও উপস্থাপন করা প্রয়োজন। তিনি আরও বলেন, প্রস্তাবিত প্রকল্পের আওতায় যে প্রশিক্ষণ ইনস্টিটিউটের অবকাঠামোগত উন্নয়নের প্রস্তাব করা হয়েছে সেগুলোর বর্তমান অবস্থা এবং প্রস্তাবিত ডিপ্লোমা কোর্সটি যুগোপযোগীকরণের ক্ষেত্রে কোর্সটির বর্তমান কাঠামো/পদ্ধতি ও ভবিষ্যতে কোর্সের কাঠামোগত/পদ্ধতিগত কি পরিবর্তন আবশ্যিক তার তুলনামূলক চিত্র উপস্থাপন করা প্রয়োজন; শুধু কোর্স কাঠামো পরিবর্তনের যৌক্তিকতা উপস্থাপন করাই যথেষ্ট নয়। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এমনভাবে তৈরি করা প্রয়োজন যাতে তা সভায় উপস্থিত সদস্যগণের নিকট সহজবোধ্য ও অনুধাবনযোগ্য হয়।

৩.৩। বাংলাদেশ তাঁত বোর্ডের পক্ষ হতে তাঁত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউটের অবকাঠামোগত সম্প্রসারণ ও বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণের বিষয়টি উপস্থাপনকালে সভাপতি বলেন যে, নরসিংদীতে বিদ্যমান বাংলাদেশ তাঁত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউটের চলমান ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য অতিরিক্ত চাহিদার (demand driven) প্রেক্ষিতে অথবা supply driven/induced কারণে অবকাঠামোগত সম্প্রসারণের প্রস্তাব করা হয়েছে তা উপস্থাপনা থেকে স্পষ্ট নয়। পরিকল্পনা কমিশনের বিভাগ প্রধান (শিল্প ও শক্তি) বাস্তবোপযোগীতার বিষয়টি বিবেচনায় নিয়ে তাঁত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউটের অবকাঠামোগত সম্প্রসারণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে বাংলাদেশ তাঁত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদী-এর অধ্যক্ষ জানান যে, প্রশিক্ষণ ইনস্টিটিউটটি বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে পরিচালিত। বর্তমানে চলমান ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য অতিরিক্ত চাহিদা রয়েছে। এছাড়া, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড প্রতি ০৫ (পাঁচ) বছর অন্তর বিভিন্ন কারিগরী কোর্সের কারিকুলাম আধুনিক ও যুগোপযোগীকরণের লক্ষ্যে পর্যালোচনা করে থাকে। বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড কর্তৃক উক্ত ডিপ্লোমা কোর্সের কারিকুলাম আধুনিকীকরণের নির্দেশনার প্রেক্ষাপটে আধুনিক ল্যাবরেটরী ও নতুন তাঁত যন্ত্রপাতি সংযোজনের মাধ্যমে কোর্সটির আধুনিক ও যুগোপযোগীকরণের প্রয়োজন দেখা দিয়েছে। এছাড়া ২০১৬ সালে সংগঠিত ভূমিকম্পে ১৯৮২ সালে নির্মিত বিদ্যমান ৩-তলা একাডেমিক ভবনটিতে ফাটল দেখা দেয়ায় গণপূর্ত বিভাগের প্রকৌশলীগণের সমন্বয়ে গঠিত একটি বিশেষজ্ঞ দল ভবনটি পরিদর্শন ও পরীক্ষা-নিরীক্ষা করে তা ক্লাস পরিচালনার অযোগ্য ও পরিত্যক্ত ঘোষণাপূর্বক ভেঙ্গে ফেলার পরামর্শ দেয়। এ কারণে নতুন একটি একাডেমিক ভবন নির্মাণের প্রয়োজন দেখা দেয়া দিয়েছে। অপরদিকে ছাত্রীদের জন্য পৃথক হোস্টেল ভবন না থাকা ও অতিরিক্ত আবাসন চাহিদার প্রেক্ষিতে ৩-তলা বিশিষ্ট ছাত্রী হোস্টেল নির্মাণের প্রয়োজন দেখা দেয়ায় তাঁত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউটের অবকাঠামোগত সম্প্রসারণের প্রস্তাব করা হয়েছে। সভাপতি বলেন যে, ভূমিকম্পের বিষয়টি ডিপিপি'র প্রকল্প প্রস্তাবের পটভূমিতে লক্ষ্য করা যায়নি। এছাড়া পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনেও ভবনের ফাটলের কোন সচিত্র প্রতিবেদন উপস্থাপন করা হয়নি- যা সমীচীন নয়। তিনি পুনর্গঠিত ডিপিপি-তে ভূমিকম্পের বিষয়টি ডিপিপি'র পটভূমিতে সচিত্র বর্ণনাসহ উল্লেখ এবং আগামী সভায় ভবনের ফাটলের সচিত্র উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.৪। সভাপতি বলেন যে, হোস্টেল ভবনটির প্রয়োজনীয়তার সচিত্র ব্যাখ্যা সভায় উপস্থাপনের প্রয়োজন ছিল। শুধুমাত্র ভেতরের লে-আউট নয় প্রশিক্ষণ ইনস্টিটিউটের সীমানার বাইরের দৃশ্যও পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে থাকা সমীচীন। সভাপতি বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক উপস্থাপিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনটি প্রয়োজনীয় তথ্য সমৃদ্ধ না হওয়া, বিদ্যমান অবকাঠামোর বর্তমান অবস্থার সার্বিক চিত্র প্রদর্শনে ব্যর্থ হওয়া এবং নির্মিতব্য অবকাঠামোসমূহের 3-D ছবি প্রদর্শন না করায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশন পর্যায়ে পিইসি সভায় উপস্থাপনের পূর্বেই প্রেজেন্টেশন স্ক্রিনিং এর প্রয়োজন ছিল মর্মে অভিমত ব্যক্ত করেন। ভবিষ্যতে পিইসি সভায় উপস্থাপনের পূর্বেই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উদ্যোগী মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশন পর্যায়ে পূঙ্খানুপূঙ্খভাবে স্ক্রিনিং এর জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের তথ্য প্রত্যাশা পূরণ না করায় পুনর্গঠিত ডিপিপি অনুযায়ী 3-D view তৈরী করে প্রদর্শনের ব্যবস্থাকরণের জন্য তিনি নির্দেশনা প্রদান করেন। বাংলাদেশ তাঁত বোর্ড কর্তৃক পাওয়ার পয়েন্ট আকারে উপস্থাপনা সমাপ্তির পর সভাপতি প্রস্তাবিত প্রকল্পটির বিষয়ে পরিকল্পনা কমিশনের মতামতসমূহ সভায় উপস্থাপনের জন্য বলেন।

## ৪। আলোচনাঃ

৪.১। সভায় পরিকল্পনা কমিশনের যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা) পিইসি সভার কার্যপত্রে উল্লিখিত মতামতসমূহ সভায় উপস্থাপন করেন। যুগ্ম-প্রধান (পাট, বস্ত্র ও বেপজা) প্রকল্প ব্যবস্থাপনা প্রসঙ্গে বলেন যে, প্রস্তাবিত ডিপিপি'র পৃষ্ঠা-৬ এর অনুচ্ছেদ ১১-এ ও পৃষ্ঠা-২৩ ব্যবস্থাপনা সংক্রান্ত বর্ণনা সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে উপস্থাপন করা হয়নি। প্রকল্পটি বাস্তবায়নে সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা ও দায়িত্ব আরো সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে (ছক ও রেখাচিত্র সহকারে) ডিপিপি-তে উল্লেখ করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.২। পরিকল্পনা কমিশনের বিভাগ প্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, প্রস্তাবিত ডিপিপি'র ২২ নং পৃষ্ঠায় প্রদত্ত প্রকল্পের জনবল কাঠামোতে ০৩/০৫ গ্রেডের একজন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগের জন্য বেতন স্কেল/সাকুল্য বেতন ৭৭,৭৭৫ টাকা নির্ধারণ করা হয়েছে। প্রকল্প পরিচালক হিসাবে সুনির্দিষ্টভাবে কোন গ্রেডের কর্মকর্তা নিয়োগ করা হবে এবং প্রদর্শিত বেতন মূল নাকি সাকুল্য বেতন তা মন্ত্রণালয় এবং সংস্থা প্রতিনিধিগণের নিকট জানতে চাওয়া হলে বাংলাদেশ তাঁত বোর্ডের প্রতিনিধি জানান যে, প্রস্তাবিত ডিপিপি'র পৃষ্ঠা নং ৩৬, পরিশিষ্ট-০১ এ প্রদত্ত প্রকল্প বাস্তবায়নকালীন সময়ের জনবলের জন্য প্রদত্ত তথ্য সংশ্লিষ্ট ছকে সাকুল্য ৭৭,৭৭৫ টাকা বেতনে ৩য় গ্রেডের একজন কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসাবে নিয়োগের সংস্থান রাখা হয়েছে। যুগ্ম-প্রধান বলেন যে, ৩য় গ্রেডের একজন কর্মকর্তার সাকুল্য বেতন ৭৭,৭৭৫ টাকার চেয়ে অনেক বেশী। এ জাতীয় ত্রুটি-বিচ্যুতি ডিপিপি-তে থাকা সমীচীন নয় মর্মে সভাপতির অভিমতের প্রেক্ষিতে সভায় একমত পোষণ করা হয়।

৪.৩। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে জানানো হয় যে, ডিপিপি'র পৃষ্ঠা নং ৪৩ এ অফিস সরঞ্জামাদির যে তালিকা দেয়া হয়েছে তা বাজার দরের চেয়ে অত্যধিক বেশী বলে প্রতীয়মান হয়। সুনির্দিষ্টভাবে ডেক্সটপ কম্পিউটার, ল্যাপটপ, এসি ইত্যাদির বাজারমূল্য যাচাইপূর্বক সঠিক মূল্য প্রতিফলন করে ডিপিপি পুনর্গঠনের জন্য সভায় মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করা হয়। এ অস্পষ্টতা পরিহারের লক্ষ্যে প্রকল্প কার্যালয়ে ব্যবহারের জন্য যে সকল ডেক্সটপ কম্পিউটার, ল্যাপটপ, ফটোকপিয়ার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয় করা হবে এবং প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে তাঁত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য যে সকল ডেক্সটপ কম্পিউটার, ল্যাপটপ ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয়ের প্রস্তাব করা হয়েছে তা পৃথকভাবে বিভাজনসহ ডিপিপি-তে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৪.৪। প্রকল্পের আওতায় 'পিডব্লিউডি রোট সিডিউল-২০১৪' অনুসরণে নিমিতব্য ভবনসমূহ সুপার ক্যাটাগরীতে নির্মাণের পরিবর্তে স্ট্যান্ডার্ড ক্যাটাগরীতে নির্মাণের মাধ্যমে ব্যয় হ্রাসের বিষয়ে আলোচনায় উপস্থিত বাংলাদেশ তাঁত বোর্ডের প্রতিনিধিগণ উক্ত মতের সঙ্গে একমত পোষণ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর নির্মিতব্য ভবনসমূহের ব্যয় প্রাক্কলন সুপার ক্যাটাগরির পরিবর্তে স্ট্যান্ডার্ড ক্যাটাগরীতে ও পার্কিং লট ও মাল্টিপারপাস হল বাদ দিয়ে গ্যালারীসহ একটি অডিটোরিয়াম নির্মাণের ব্যয় প্রাক্কলন করা এবং ডিপিপি'র ২১ পৃষ্ঠায় উল্লিখিত প্রকল্প এলাকাভিত্তিক ব্যয় বিভাজন ছকের 'অন্যান্য ভবন' অংশটি বাদ দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.৫। পরিকল্পনা কমিশনের যুগ্ম-প্রধান বলেন যে, ডিপিপি'র পৃষ্ঠা-৬, অনুচ্ছেদ-১৩.১ এবং পৃষ্ঠা- ৩৭-৩৮ এ প্রস্তাবিত প্রকল্পের আওতায় প্রকল্প সমাপ্তির পর ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য বর্তমানে ইনস্টিটিউটে নিয়োজিত ৪৩ জন জনবলের অতিরিক্ত আরও ৮২ জন জনবলের পদ রাজস্ব বাজেটের আওতায় সৃজন ও সংরক্ষণের প্রস্তাব করা হয়েছে। এছাড়া ডিপিপি'র ৩৭ পৃষ্ঠায় প্রশিক্ষণ কেন্দ্র পরিচালনার লক্ষ্যে অতিরিক্ত জনবলের জন্য প্রতি বছর ২২৭.৭৮ লক্ষ টাকা প্রয়োজন হবে মর্মে ব্যয় প্রাক্কলন করা হয়েছে। তিনি বলেন যে, ডিপিপি'র পৃষ্ঠা-১৫৩ সংযোজিত গত ০১/০৮/২০১৭ খ্রি: তারিখে অর্থ বিভাগে অনুষ্ঠিত জনবল নির্ধারণ কমিটি'র সভার কার্যবিবরণীতে লক্ষ্য করা যায় যে, উক্ত কমিটি প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে কোন জনবলের সুপারিশ করেনি। এ প্রেক্ষিতে প্রস্তাবিত ডিপিপি হতে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ের জনবলের তালিকা এবং এ সংক্রান্ত বক্তব্য বাদ দেয়ার জন্য তিনি মতামত ব্যক্ত করলে এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে জনবল ও অর্থ সংক্রান্ত বিষয়াদি ডিপিপি হতে বাদ দেয়ার বিষয়টিতে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

পরিকল্পনা কমিশনের বিভাগ প্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আউটপুট প্রশিক্ষণ ইনস্টিটিউটের পরিচালনা পর্ষদের পরিচালন ও রক্ষণাবেক্ষণ (ওএন্ডএম) বিভাগের নিকট ন্যস্ত করা হলে উক্ত বিভাগ প্রশিক্ষণ ইনস্টিটিউটের বর্ধিত কলেবরে কি পরিমাণ জনবল এবং বছরভিত্তিক বাজেটের প্রয়োজন হবে তা নির্ধারণপূর্বক জনপ্রশাসন মন্ত্রণালয় এবং অর্থবিভাগে প্রস্তাব প্রেরণ করতে পারে। সভাপতি বলেন যে, প্রকল্প সমাপ্তির অব্যবহিত পরেই প্রশিক্ষণ কার্যক্রম ও ডিপ্লোমা কোর্স শুরু করার লক্ষ্যে বেশ পূর্ব হতেই জনবল নিয়োগের প্রক্রিয়া শুরু করতে হবে। তিনি আরও বলেন যে, ডিপিপি'র ৩৮ নং পৃষ্ঠার ফুটনোটে উল্লিখিত 'ইনস্টিটিউটের বিদ্যমান অধ্যক্ষ প্রস্তাবিত যুগোপযোগীকৃত ইনস্টিটিউটের অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন' বক্তব্যটি এবং এ জাতীয় অন্যান্য বক্তব্য ডিপিপি'তে থাকা সমীচীন নয়। তিনি এ জাতীয় সকল বক্তব্য ডিপিপি'র মূল অংশ কিংবা ফুটনোট হতে বাদ দেয়ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

৪.৬। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে জানানো হয় যে, প্রস্তাবিত ডিপিপি'র মূল অংশের ৩য় পৃষ্ঠায় এবং ৩১-৩২ পৃষ্ঠায় সংযোজনী-৫(ক) এ ৪০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে একটি মাইক্রোবাস ক্রয়ের সংস্থান রাখা সত্ত্বেও প্রকল্পের আওতায় ডিপিপি'র ১৪৬ নং পৃষ্ঠায় পূর্ত নির্মাণ কাজের ইঞ্জিনিয়ারিং ব্যয় প্রাক্কলন অংশে বাংলাদেশ তাঁত বোর্ডের কর্মকর্তাগণ ও প্রকৌশলী কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শনের লক্ষ্যে ৩৬ মাসের জন্য একটি মাইক্রোবাস ভাড়া করা বাবদ ২১.৬০ লক্ষ টাকা সংস্থান রাখা হয়েছে-যা সমীচীন হয়নি। এ কাজে ৩৬

মাসের জন্য মাইক্রোবাস ভাড়া না করে তাঁত বোর্ডের কর্মকর্তাগণ ও প্রকৌশলীগণ প্রকল্পের আওতায় যে মাইক্রোবাসে ক্রয় করা হবে তা দ্বারা প্রকল্প এলাকা পরিদর্শন কিংবা সরকারী নিয়মানুযায়ী ভ্রমণভাতা গ্রহণের সংস্থান রাখা যেতে পারে। এতে প্রকল্প ব্যয় হ্রাস পাবে মর্মে পরিকল্পনা কমিশনের পক্ষ হতে মতামত ব্যক্ত করা হয়। এ প্রসঙ্গে বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) সভায় অবহিত করেন যে, বাংলাদেশ তাঁত বোর্ডের প্রকৌশল ইউনিট কর্তৃক 'পিডব্লিউডি রোট সিডিউল-২০১৪' অনুসারে পূর্ত নির্মাণ কাজের ব্যয় প্রাক্কলনে মাইক্রোবাসটি ভাড়া করার সংস্থান রাখা হলেও প্রকল্পের অঙ্গভিত্তিক ব্যয় বিভাজন এবং প্রকল্পের মোট ব্যয় প্রাক্কলনে বাংলাদেশ তাঁত বোর্ড তা বিবেচনায় নেয়নি। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ডিপিপি'র ১৪৬ নং পৃষ্ঠায় পূর্ত নির্মাণ কাজের ব্যয় প্রাক্কলন হতে মাইক্রোবাস ভাড়া করার সংস্থান ও এ সংশ্লিষ্ট ব্যয় বাদ দেয়ার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.৭। কার্যক্রম বিভাগের যুগ্ম-প্রধান সভায় অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে ১৩/১১/২০১৭ তারিখে জারিকৃত পত্রে মাইক্রোবাস ক্রয়ের জন্য রেজিস্ট্রেশন ফি, ট্যাক্স ও ভ্যাট এবং সিএনজি কনভার্সন ফি সহকারে মোট ৪২.৯০ লক্ষ টাকা ব্যয় নির্ধারণ করা হয়েছে। সেক্ষেত্রে প্রস্তাবিত প্রকল্পের আওতায় একটি মাইক্রোবাস ক্রয় বাবদ সংস্থানকৃত ৪০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৪২.৯০ লক্ষ টাকা সংস্থান রাখা যেতে পারে।

৪.৮। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে জানানো হয় যে, একাডেমিক ভবনে ১০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ১৫ জন ধারণ ক্ষমতাসম্পন্ন ০২ (দুই) টি লিফট ক্রয় করার প্রস্তাব করা হয়েছে। লিফট ক্রয়ের জন্য অনুযুক্তিক জেনারেটর ক্রয়ের প্রস্তাব ডিপিপি'তে লক্ষ্য করা যায়নি। সভায় লিফটের ব্যয় অধিক প্রাক্কলন করা হয়েছে মর্মে মতামত ব্যক্ত করা হয়। বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (প ও বা) জানান যে, লিফট দুটির প্রাক্কলন ইউরোপিয়ান স্ট্যান্ডার্ড অনুসারে নির্ধারণ করায় ব্যয় কিছুটা বেশী হয়েছে। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে জানানো হয় যে, প্রকল্পের আওতায় আরসিসি ডেন, ওভারহেড বৈদ্যুতিক লাইন, ক্যাম্পাস লাইটিং, পাম্প ও বোরিং এবং পানি সঞ্চালন লাইন ইত্যাদি কাজের জন্য অধিক ব্যয় প্রাক্কলন করা হয়েছে বলে প্রতীয়মান হয়। এ সকল বিষয়ে বিস্তারিত আলোচনার পর আরসিসি ডেন, ওভারহেড বৈদ্যুতিক লাইন, ক্যাম্পাস লাইটিং, পাম্প ও বোরিং এবং পানি সঞ্চালন লাইন ইত্যাদি কাজের জন্য সঠিকভাবে কাজের পরিমাণ নিরূপণ ও ব্যয় প্রাক্কলন এবং বাজারমূল্য যাচাইপূর্বক ২টি লিফটের সঠিক ব্যয় প্রাক্কলনসহ প্রকল্পের আওতায় যথোপযুক্ত ক্ষমতাসম্পন্ন একটি জেনারেটর ক্রয়ের সংস্থান রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.৯। প্রস্তাবিত প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতি সংগ্রহের জন্য কোন অর্থের সংস্থান ডিপিপি-তে না থাকায় এ বিষয়ে আলোচনার পর সোলার প্যানেল স্থাপন এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতি সংগ্রহের জন্য ডিপিপি-তে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.১০। ক্রয় কার্যক্রমে বিভিন্ন ছোট ছোট প্যাকেজে বিভক্ত না করে একত্রে বড় প্যাকেজে ক্রয় পরিকল্পনা করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। এ প্রসঙ্গে বলা হয় যে, বড় প্যাকেজে ক্রয় পরিকল্পনা করা হলে ভাল ঠিকাদার কর্তৃক ক্রয় কাজ সম্পাদন করা সম্ভব হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর ক্রয়কার্যে ছোট ছোট প্যাকেজ পরিহার করে বড় প্যাকেজে ক্রয় পরিকল্পনা করার বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.১১। পরিকল্পনা কমিশনের বিভাগ প্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, প্রকল্পের বাস্তবায়নের ১ম ও ২য় বছরে কম বরাদ্দ ধার্য করা হয়েছে যা যথার্থ নয়। সভাপতি বলেন প্রকল্প বাস্তবায়নের ১ম ও ২য় বছরে বরাদ্দ কম ধরা হলে যথাসময়ে প্রকল্প শেষ করা কঠিন হয়ে পড়ে, ফলে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রবণতা দেখা যায়। তিনি প্রকল্প বাস্তবায়নের ১ম ও ২য় বছরে বর্ধিত বরাদ্দ ধার্যের নির্দেশনা প্রদান করেন। কার্যক্রম বিভাগের যুগ্ম-প্রধান সভায় অভিমত ব্যক্ত করেন যে, প্রকল্পের আওতায় যে সকল ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে সেগুলোর দরপত্র আহ্বান প্রথম বছরে এবং দরপত্রের প্রক্রিয়াকরণের যাবতীয় কাজ প্রকল্প বাস্তবায়নের দ্বিতীয় বছরে মধ্যেই শেষ করে কার্যাদেশ প্রদান করা যেতে পারে। সভায় সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

৪.১২। পরিকল্পনা কমিশনের বিভাগ প্রধান (শিল্প ও শক্তি) বলেন যে, প্রকল্পের আওতায় পূর্ত নির্মাণ কাজ সম্পাদনের বিষয়ে ডিপিপি-তে কিছু উল্লেখ নেই। এ বিষয়ে বাংলাদেশ তাঁত বোর্ডের প্রকৌশল ইউনিটের মাধ্যমে পূর্ত নির্মাণ কাজ সম্পাদন করা যেতে পারে। সভাপতি বাংলাদেশ তাঁত বোর্ডের প্রকৌশল ইউনিটের প্রকল্পের আওতায় যাবতীয় পূর্ত নির্মাণ কাজ সম্পাদনের প্রয়োজনীয় সক্ষমতা আছে কিনা তা মন্ত্রণালয় ও সংস্থার প্রতিনিধিগণের নিকট জানতে চাইলে বাংলাদেশ তাঁত বোর্ডের প্রধান (পরিকল্পনা ও বাস্তবায়ন) বলেন যে, বাংলাদেশ তাঁত বোর্ডের প্রকৌশল ইউনিটের যে লোকবল ও সক্ষমতা রয়েছে তা নরসিংদীতে বিদ্যমান

বাংলাদেশ তাঁত শিক্ষা প্রশিক্ষণ ইনস্টিটিউটে সার্বক্ষণিকভাবে উপস্থিত থেকে যাবতীয় পূর্তকাজ সফলভাবে সম্পাদনের জন্য যথেষ্ট নয়। গণপূর্ত বিভাগের মাধ্যমে পূর্ত নির্মাণ কাজ সম্পাদন করা হলে উক্ত প্রকৌশল ইউনিট বিভিন্ন সময়ে নির্মাণ এলাকা পরিদর্শনের মাধ্যমে পূর্ত নির্মাণ কাজের তদারকি করতে পারবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর প্রকল্পের আওতায় যাবতীয় পূর্ত নির্মাণ কাজ গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পাদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৪.১৩। প্রকল্পের প্রস্তাবিত মেয়াদ জুলাই ২০১৭ হতে জুন ২০২১ পর্যন্ত ৪ (চার) বছর নির্ধারণের প্রেক্ষিতে উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ সংক্রান্ত পরিপত্র অনুসরণে একটি বাস্তবভিত্তিক মেয়াদ নির্ধারণের প্রস্তাব করা হয়। বিস্তারিত আলোচনার পর প্রকল্পের মেয়াদ পরীক্ষা-নিরীক্ষা পূর্বক বাস্তব প্রয়োজনের নিরিখে নির্ধারণের জন্য সভায় একমত পোষণ করা হয়।


৪.১৪। পরিকল্পনা কমিশনের পক্ষ হতে প্রকল্পের আওতায় বিভিন্ন তাঁত সংশ্লিষ্ট যন্ত্রপাতির জন্য প্রাক্কলিত ১৬.৬২ কোটি টাকা যৌক্তিকভাবে নির্ধারণ করা হয়েছে কিনা জানতে চাওয়া হলে বাংলাদেশ তাঁত বোর্ডের পক্ষ হতে জানানো হয় যে, প্রকল্পের আওতায় টেক্সটাইল মেশিনারিজের সংখ্যা ও মূল্য নির্ধারণের জন্য বাতাঁবো, বস্ত্র পরিদপ্তর এবং বাংলাদেশ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ের বস্ত্র প্রকৌশলীগণের সমন্বয়ে ০৭ (সাত) সদস্য বিশিষ্ট একটি কারিগরী কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি কর্তৃক প্রকল্পের জন্য নির্ধারিত যন্ত্রপাতির সংখ্যা, লে-আউট প্ল্যান, স্পেসিফিকেশন এবং সম্ভাব্য ব্যয় ডিপিপি-তে সংযুক্ত করা হয়েছে।

৪.১৫। সভাপতি সভার আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত এবং পিইসি সভার কার্যপত্রে বর্ণিত পরিকল্পনা কমিশনের মতামতসমূহের আলোকে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পুনর্গঠনের নির্দেশনা প্রদান করেন। পিইসি সভার আলোচিত সার্বিক বিষয়াদি প্রতিফলনপূর্বক ডিপিপি পুনর্গঠন করা হলে একটি পুনঃপ্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা আহ্বান করা হবে। সভায় সকলের নিকট সহজবোধ্য ও অনুধাবনযোগ্য একটি পাওয়ার পয়েন্ট উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৫। **সিদ্ধান্তঃ** সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- ৫.১। প্রকল্পটির বাস্তবায়ন ব্যবস্থাপনায় বাংলাদেশ তাঁত বোর্ডের সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্টতা ও দায়িত্ব আরো সুস্পষ্ট ও সুনির্দিষ্টভাবে (ছক ও রেখাচিত্র সহকারে) ডিপিপি-তে উল্লেখ করতে হবে;
- ৫.২। প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভায় উপস্থাপনের জন্য সহজবোধ্য ও অনুধাবনযোগ্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরি করতে হবে। পুনর্গঠিত ডিপিপি'র ওপর আয়োজিত সভায় বিদ্যমান প্রশিক্ষণ ইনস্টিটিউটের ভেতরের ও আশপাশের স্থানসমূহের ওপর সচিত্র ও প্রয়োজনানুসারে 3-D view সহ একটি স্বয়ংসম্পূর্ণ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন দিতে হবে;
- ৫.৩। প্রকল্প পরিচালকের সুনির্দিষ্ট গ্রেড ডিপিপি'র সর্বত্র একই হতে হবে এবং তাঁর সাকুল্য বেতন সঠিকভাবে লিখতে হবে;
- ৫.৪। ভূমিকম্পের কারণে বিদ্যমান একাডেমিক ভবনটি ভেঙ্গে যাওয়ার বিষয়টি ডিপিপি'র পটভূমিতে সচিত্র বর্ণনাসহ উল্লেখ করতে হবে। এছাড়া, পুনর্গঠিত ডিপিপি পর্যালোচনার জন্য অনুষ্ঠেয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনে ভবনের ফটলের সচিত্র উপস্থাপন করতে হবে;
- ৫.৫। পুনর্গঠিত ডিপিপি-তে ডেক্সটপ কম্পিউটার, ল্যাপটপ, এসি ইত্যাদির বাজারমূল্য যাচাইপূর্বক সঠিকমূল্য প্রতিফলন করতে হবে। এছাড়া, প্রকল্প কার্যালয়ে ব্যবহারের জন্য যে সকল ডেক্সটপ কম্পিউটার, ল্যাপটপ, ফটোকপিয়ার ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয় করা হবে এবং প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ে তাঁত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য যে সকল ডেক্সটপ কম্পিউটার, ল্যাপটপ ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ক্রয়ের প্রস্তাব করা হয়েছে তা পৃথকভাবে ব্রেক-আপসহ ডিপিপি-তে উল্লেখ করতে হবে;
- ৫.৬। প্রকল্পের আওতায় যে সকল ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে সেগুলোর ব্যয় প্রাক্কলন সুপার ক্যাটাগরির পরিবর্তে স্ট্যান্ডার্ড ক্যাটাগরীতে এবং পার্কিং লট ও মাল্টিপারপাস হল বাদ দিয়ে নকশা পুনর্গঠনপূর্বক গ্যালারীসহ একটি অডিটোরিয়াম নির্মাণের ব্যয় প্রাক্কলন পুনর্গঠিত ডিপিপি-তে প্রতিফলন করতে হবে;
- ৫.৭। প্রস্তাবিত ডিপিপি হতে প্রকল্প বাস্তবায়নোত্তর পর্যায়ের জনবলের সংখ্যা সংশ্লিষ্ট তালিকা এবং বাৎসরিক বাজেটের সুনির্দিষ্ট পরিমাণ সংক্রান্ত বক্তব্য বাদ দিতে হবে;

- ৫.৮। প্রকল্প সমাপ্তির অব্যবহিত পরেই প্রশিক্ষণ কার্যক্রম ও ডিপ্লোমা কোর্স শুরু করার লক্ষ্যে বেশ পূর্ব হতেই জনবল নিয়োগের প্রক্রিয়া শুরু করতে হবে এবং ডিপিপি'র ৩৮ পৃষ্ঠার ফুটনোটে উল্লিখিত 'ইনস্টিটিউটের বিদ্যমান অধ্যক্ষ প্রস্তাবিত যুগোপযোগীকৃত ইনস্টিটিউটের অধ্যক্ষ হিসাবে দায়িত্ব পালন করবেন' বক্তব্যটি এবং এ জাতীয় সকল বক্তব্য ডিপিপি হতে বাদ দিতে হবে;
- ৫.৯। ডিপিপি'র ১৪৬ নং পৃষ্ঠায় পূর্ত নির্মাণ কাজের ব্যয় প্রাক্কলন হতে মাইক্রোবাস ভাড়া করার সংস্থান ও এ সংশ্লিষ্ট ব্যয় বাদ দিতে হবে;
- ৫.১০। অর্থ বিভাগ হতে ১৩/১১/২০১৭ তারিখে জারিকৃত পত্রের আলোকে মাইক্রোবাস ক্রয়ের জন্য রেজিস্ট্রেশন ফি, ট্যাক্স ও ভ্যাট এবং সিএনজি কনভার্সন ফি ইত্যাদি যুক্ত করে প্রস্তাবিত প্রকল্পের আওতায় একটি মাইক্রোবাস ক্রয় বাবদ ব্যয় ৪০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৪২.৯০ লক্ষ টাকার সংস্থান রাখতে হবে;
- ৫.১১। প্রকল্পের আওতায় আরসিসি ড্রেন, ওভারহেড বৈদ্যুতিক লাইন, ক্যাম্পাস লাইটিং, পাম্প ও বোরিং এবং পানি সঞ্চালন লাইন ইত্যাদি কাজের জন্য সঠিকভাবে ব্যয় প্রাক্কলন এবং বাজারমূল্য যাচাইপূর্বক ২টি লিফটের ব্যয় সঠিকভাবে প্রাক্কলনসহ যথোপযুক্ত ক্ষমতাসম্পন্ন একটি জেনারেটর ক্রয়ের সংস্থান ডিপিপি-তে রাখতে হবে;
- ৫.১২। প্রস্তাবিত প্রকল্পের আওতায় সোলার প্যানেল স্থাপন এবং অগ্নি নির্বাপক যন্ত্রপাতি সংগ্রহের জন্য ডিপিপি-তে প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখতে হবে;
- ৫.১৩। প্রকল্পের ক্রয় কার্যক্রমে বিভিন্ন ছোট ছোট প্যাকেজে বিভক্ত না করে একত্রে বড় প্যাকেজে ক্রয় পরিকল্পনা করতে হবে;
- ৫.১৪। প্রকল্প বাস্তবায়নের ১ম ও ২য় বছরে বর্ষিত পরিমাণে ব্যয় প্রাক্কলন এবং প্রকল্পের আওতায় যে সকল ভবন নির্মাণের প্রস্তাব করা হয়েছে সেগুলোর দরপত্র আহ্বান প্রথম বছরে এবং দরপত্রের প্রক্রিয়াকরণের যাবতীয় কাজ দ্বিতীয় বছরের মধ্যেই শেষ করে কার্যাদেশ প্রদান করতে হবে;
- ৫.১৫। প্রকল্পের আওতায় যাবতীয় পূর্ত নির্মাণ কাজ গণপূর্ত বিভাগের মাধ্যমে সম্পাদন করতে হবে এবং বাংলাদেশ তাঁত বোর্ডের প্রকৌশল ইউনিট নির্মাণ এলাকা পরিদর্শনের মাধ্যমে পূর্ত নির্মাণ কাজের তদারকি করবে;
- ৫.১৬। প্রকল্পের প্রস্তাবিত বাস্তবায়নকাল জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত যথোপযুক্ত কী-না তা যাচাই/পরীক্ষা-নিরীক্ষাপূর্বক বাস্তব প্রয়োজনের নিরিখে নির্ধারণ করতে হবে; এবং
- ৫.১৭। ভবিষ্যতে পিইসি সভায় উপস্থাপনের পূর্বেই পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উদ্যোগী মন্ত্রণালয় এবং পরিকল্পনা কমিশন পর্যায়ে পূঞ্জানুপূঞ্জভাবে স্ক্রিনিং করতে হবে এবং প্রস্তাবিত প্রকল্পের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন পুনরায় তৈরী করে 3-D view সহ প্রদর্শনের ব্যবস্থা করতে হবে;
- ৫.১৮। উপর্যুক্ত সিদ্ধান্তসমূহ (৫.১ হতে ৫.১৭) প্রতিপালনপূর্বক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। প্রস্তাবিত প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি'র ওপর পুনরায় পিইসি সভা অনুষ্ঠিত হবে।
- ৬। আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
 শামীমা নার্গিস  
 ভারপ্রাপ্ত সদস্য  
 শিল্প ও শক্তি বিভাগ  
 পরিকল্পনা কমিশন

উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

বিষয়ঃ “বাংলাদেশ জাত শিক্ষা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, নরসিংদীতে বিদ্যমান ডিপ্লোমা কোর্সের যুগোপযোগীকরণ এবং এর অবকাঠামোগত সম্প্রসারণ”-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা।

সভার তারিখ ও দিনঃ ২৭/১১/২০১৭ খ্রিঃ; সোমবার।

সময়ঃ সকাল ১১:০০ ঘটিকা; সভার স্থানঃ পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ, ব্লক-১০, কক্ষ-৩-৪, শেরে-বাংলা নগর, ঢাকা।

সভাপতিঃ জনাব শামীমা নাগিস, সদস্য, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।

ক্রমিক নং	নাম ও পদবি	মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা	ফোন নম্বর	স্বাক্ষর
১.	শ্রীঃ মোহাম্মদ নূরুজ্জামান সচিব	শিল্প ও শক্তি বিভাগ পরিকল্পনা কমিশন	০১৭১৬২৪১৭৪৭	শিল্প ও শক্তি ২৭/১১/১৭
২.	শ্রীঃ মোঃ হুমায়ুন কবীর সদস্য (ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০১৭১১৫১৭০৩১	২৭/১১/১৭
৩.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য	শিল্প ও শক্তি বিভাগ পরিকল্পনা কমিশন	০১৭১১০৫৩ ৬৬	২৭/১১/১৭
৪.	শ্রীঃ মোঃ হুমায়ুন কবীর সদস্য	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০১৫৫২৩৪১১ ২০	২৭/১১/১৭
৫.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড		
৬.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০১৭৭২৫৩৭৪১৫	২৭/১১/১৭
৭.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০১৪৫৪৩৪৭৬০০	২৭/১১/১৭
৮.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০১৭১২৭৬৩২১৬	২৭/১১/১৭
৯.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০২-৫৪১৫২৬৬	২৭/১১/১৭
১০.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০১৫৫৪৩৪৭৬০০	২৭/১১/১৭
১১.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	বাংলাদেশ তাঁত বোর্ড	০১৫৫২৩১৪০৬০	২৭/১১/১৭
১২.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	শিল্প ও শক্তি বিভাগ পরিকল্পনা কমিশন	০১৭৪২৭০০৫৭	২৭/১১/১৭
১৩.	শ্রীঃ মোঃ আব্দুল হামিদ সদস্য (সচিব, ওএস)	শিল্প ও শক্তি বিভাগ পরিকল্পনা কমিশন	০১৭১৬২৪১৭৪৭	২৭/১১/১৭